

নং-৩৭.০০.০০০০.০৬১.১১.০৫২.১৭/ ৬২০

তারিখঃ ২২ আষাঢ় ১৪২৪
০৬ জুলাই ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পার্শ্ব বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	নিয়োক্ত জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১	কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০২ (দুই)টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী (বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার); ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। (খ) কম্পিউটার অপারেটর Aptitude টেস্টে উত্তীর্ণ হতে হবে।	
২	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০৭ (সাত)টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। (গ) সাঁট-লিপি পরীক্ষার গতি ইংরেজীতে সর্বনিম্ন প্রতি মিনিটে ৭০ শব্দ, বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৪৫ শব্দ। (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর এ সর্বনিম্ন গতি ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ, বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।	মুন্সিগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, ব্রাহ্মণবাড়িয়া, ঠাকুরগাঁও, কুড়িগ্রাম, সাতক্ষীরা, নড়াইল, মেহেরপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী ও হবিগঞ্জ।
৩	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০৯ (নয়)টি	(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; (গ) প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ টাইপের গতি থাকতে হবে।	
৪	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	৩১(একত্রিশ) টি	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, খাগড়াছড়ি, লক্ষীপুর, জয়পুরহাট, রাজশাহী, নাটোর, পঞ্চগড়, লালমনিরহাট, কুড়িগ্রাম, ঝিনাইদহ, পটুয়াখালী ও হবিগঞ্জ।

আবেদন করার নিয়মাবলী

১. অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় :

- অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ২০-০৭-২০১৭, সকাল ১০:০০ ঘটিকা।
- অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ০৭-০৮-২০১৭, সন্ধ্যা ০৬:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

২. অনলাইনে আবেদনপত্র পূরণের নিয়মাবলী :

ক) <http://moe.teletalk.com.bd> এই ওয়েবসাইটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে পারবেন।

(খ) অনলাইনে আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's

(Handwritten signature)

copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ১-৩ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৪ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার (অফেরৎযোগ্য) অনধিক ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: MOE<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে

দ্বিতীয় SMS: MOE<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

- চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://moe.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
- ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও তেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
- জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MOE<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: MOE Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে MOE<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: MOE Help PIN 1234567 & send to 16222

ঝ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়োগ পরীক্ষা ২০১৭-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট <http://moe.teletalk.com.bd> এবং www.moedu.gov.bd এ পাওয়া যাবে।

৩৩. মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক এবং সকল প্রকার প্রশিক্ষণের সনদ।

(খ) প্রয়োজ্য ক্ষেত্রে (১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

(২) এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৩৪. ১লা জুলাই, ২০১৭ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩৫. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ বিধি "ঠ" অনুচ্ছেদে বর্ণিত বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৩৬. সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৩৭. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রয়োজ্য বিধি অনুসরণ করা হবে।

৩৮. কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৩৯. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৪০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪১. লিখিত/মৌখিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

(মোঃ আমিনুল ইসলাম খান)
যুগ্ম-সচিব (প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

ও

সভাপতি

বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি।

ফোন-৯৫৪০৪৯০